


## বাবুরাম সাপুড়ে



বাবুরাম সাপুড়ে, কোথা যাস্ বাপুরে?  
আয় বাবা দেখে যা, দুটো সাপ রেখে যা!  
যে সাপের চোখ নেই, শিং নেই নোখ নেই,  
ছোটে না কি হাঁটে না, কাউকে যে কাটে না,  
করে নাকো ফোঁস্ ফাঁস, মারে নাকো টুঁটাঁশ,  
নেই কোন উৎপাত, খায় শুধু দুধ ভাত—  
সেই সাপ জ্যান্ত গোটা দুই জানত?  
তেড়ে মেরে ডাঙা ক'রে দিই ঠাঙা।